

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭১৯

আগরতলা, ২৯ জানুয়ারি, ২০২৪

পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে রাজ্যপাল  
এই অনুষ্ঠান শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের  
জন্যও সমান গুরুত্বপূর্ণ



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ সকালে চড়িলামের ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ী চড়িলাম হায়ার সেকেণ্ডারি স্কুলে উপস্থিত থেকে পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানটি প্রত্যক্ষ করেন। এই অনুষ্ঠানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে এবং বিদেশে পাঠরত ছাত্রছাত্রীদের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মতবিনিময়ের সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠানটি দেখেন। অনুষ্ঠানে রাজ্যপাল শিক্ষক শিক্ষিকাদের উদ্দেশ্যে বলেন, তারা যেন সব ছাত্রছাত্রীদেরই যত্ন নেন। পড়াশুনার পাশাপাশি তারা যেন ছাত্রছাত্রীদের মূল্যবোধের শিক্ষা দেন এবং সমাজের ভালো মানুষ হওয়ার জন্যও অনুপ্রাণিত করেন।

পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু সংবাদমাধ্যমের প্রতিনিধিদের জানান, ছাত্রছাত্রীদের ভয়, মানসিক চাপ কমিয়ে আস্থা তৈরি করতে এবং পরীক্ষার জন্য প্রস্তুতিতে গত ৭ বছর ধরে প্রধানমন্ত্রী এই অনুষ্ঠান করছেন। এই অনুষ্ঠান শিক্ষক শিক্ষিকা এবং অভিভাবকদের জন্যও সমান গুরুত্বপূর্ণ। এই অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা শুভাশিস বন্দ্যোপাধ্যায়, সিপাহীজলা জেলার জেলাশাসক নাগেশ কুমার বি, সমগ্র শিক্ষার অধিকর্তা সজল দেব, ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ী চড়িলাম এইচ এস স্কুলের প্রিন্সিপাল মণিময় ভৌমিক, বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*